# বিএনপির ইতিহাস সামনে এগোনোর, আ.লীগের পেছনে চলার: মঈন খান




বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ড. আব্দুল মঈন খান। ছবি: সংগৃহীত

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ড. আব্দুল মঈন খান বলেছেন, বিএনপির রাজনীতির ইতিহাস দেশকে সামনে এগিয়ে নেওয়ার, আর আওয়ামী লীগের ইতিহাস পেছনের দিকে ফিরে যাওয়ার।

তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশকে সামনে এগিয়ে নেওয়ার লক্ষ্য নিয়ে কাজ করছে বিএনপি সরকার। ক্ষমতায় আসার আগে জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতিগুলো সরকার ধাপে ধাপে বাস্তবায়ন করছে বলেও দাবি করেন তিনি।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) বিকেলে নরসিংদীর তাঁত প্রশিক্ষণ ইনস্টিটিউটের হলরুমে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জেলা বিএনপি আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ড. আব্দুল মঈন খান।

তিনি বলেন, মাত্র ছয় মাসের মধ্যেই সরকার তার দেওয়া অঙ্গীকার বাস্তবায়নের কাজ শুরু করেছে। জনগণের প্রত্যাশা পূরণে প্রধানমন্ত্রী তারেক রহমান একের পর এক প্রতিশ্রুতি বাস্তবায়নের চেষ্টা করছেন বলেও মন্তব্য করেন তিনি।

নরসিংদী সদর আসনের সংসদ সদস্য ও বিএনপির কেন্দ্রীয় কমিটির যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকনের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য দেন নরসিংদী-৩ শিবপুর আসনের সংসদ সদস্য মনজুর এলাহী, নরসিংদী-৫ আসনের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার আশরাফ উদ্দিন বকুল এবং সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য শিরিন সুলতানাসহ অন্যরা।